

## ব্যবসা চালু করতে

ডেট্রয়েট নগরীতে আপনার ব্যবসা চালু করার জন্য 5 টি ধাপ



ব্যবসা চালু করতে – শিশু পরিচর্যা সহায়িকা নির্দেশিকা



## ব্যবসা চালু করতে – শিশু পরিচর্যা সহায়িকা নির্দেশিকা

ডেট্রয়েট নগরী আমাদের বাসিন্দাদের মানসম্পন্ন শিশু পরিচর্যা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। এই টুলকিট নগরীতে ব্যবসা চালু করতে সহায়ক নির্দেশিকা এবং শিশু পরিচর্যা ব্যবসায়ের ক্ষেত্রে নির্দিষ্ট লাইসেন্স, অনুমতি প্রদান এবং চালু সংক্রান্ত তথ্য সরবরাহ করে। স্টেটের শিশু পরিচর্যা ব্যবসায়ের জন্য মিশিগান স্টেটের লাইসেন্সিং এবং রেগুলেটরি অ্যাফেয়ার্স (LARA) বিভাগের মাধ্যমে লাইসেন্স প্রয়োজন এবং এই প্রক্রিয়া নগরীতে কোনো ব্যবসা চালুর জন্য অবশ্যকতা থেকে পৃথক। এই নির্দেশিকা উভয় ক্ষেত্রে নির্দেশনা প্রদান করবে। তবে, LARA প্রক্রিয়া সম্পর্কিত আরো বিশদ তথ্য পাওয়া যাবে [michigan.gov/michildcare](http://michigan.gov/michildcare) ওয়েবসাইটে ‘লাইসেন্সধারী সরবরাহকারী’ ট্যাবটিতে ক্লিক করে অথবা (313) 456-0380 নম্বরে LARA এর ডেট্রয়েট ফিল্ড কার্যালয়ে কল করে।

### COVID-19 হালনাগাদ

COVID-19 এর কারণে শিশু পরিচর্যা কেন্দ্র পরিচালনার প্রক্রিয়া সম্পর্কে নির্দেশনা প্রায়শই হালনাগাদ করা হয়। কিভাবে সর্বজনীন স্থানে শিশু এবং পরিবারকে সেবা প্রদান করতে হবে সে বিষয়ক বিধিমালা পরিবর্তন সম্পর্কে হালনাগাদ তথ্য পেতে LARA এবং মিশিগান স্বাস্থ্য ও মানব সেবা বিভাগের সতর্কতা ও ইমেইলের জন্য সাইন আপ করুন।

## শুরু করুন

অগ্রসর হওয়ার আগে আপনার শিশু পরিচর্যা ব্যবসায়ের শ্রেণিবিন্যাস জানাটা গুরুত্বপূর্ণ। আবেদন ব্যয়, কর্মী চাহিদা, পরিষেবা ব্যয় এবং আরও অনেক কিছু চালু এবং প্রভাবিত করার জন্য আপনাকে কী কী শর্ত পূরণ করতে হবে আপনার ব্যবসায়ের আকার সেটা নির্ধারণ করবে।

### আপনার পরিচর্যা ব্যবসা কত বড় করতে চান সে সিদ্ধান্ত নেওয়ার সময় আপনি বিবেচনা করতে পারেন তেমন কিছু প্রশ্ন এখানে রয়েছে:

- আপনি কি আপনার বাড়িতে কাজ করতে চান? অন্যদের সাথে?
- আপনি কি কোনো কেন্দ্রের জন্য কর্মীর প্রয়োজনীয়তা পূরণ করতে সক্ষম হবেন? (কর্মীর প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত জ্ঞানের জন্য LARA এর ওয়েবসাইট দেখুন)
- আপনি কি প্রাথমিক ও পর্যায়ক্রমিক পরিদর্শন (অগ্নি, পরিবেশগত অবস্থা, সীসা, খেলার মাঠ, জ্বালানি-আগুনের চুল্লি এবং গরম জলের হিটার, রেডন ইত্যাদি), কর্মীদের বেতন, প্রশিক্ষণ এবং সুবিধাদি, কোনো কেন্দ্রের পরিষেবা, কর, এবং রক্ষণাবেক্ষণের মতো ব্যয় মিটাতে সক্ষম হবেন?
- আপনি যে ধরনের ব্যবসা পরিচালনা করতে চান তার জন্য আপনার সম্পত্তির আকার কি আদর্শ? বহিরঙ্গনের খেলার স্থান বিবেচনায় আনতে ভুলবেন না।
- আপনার ব্যবসা কি নির্দিষ্ট বয়সীদেরকে (বাচ্চা এবং হাঁটে শিচ্ছে এমন শিশু, স্কুল-বয়সী শিশু) পরিচর্যা প্রদান করবে বা অন্যান্য বিশেষ চাহিদা (রাত্রিকালীন পরিচর্যা, পরিবহন) পূরণ করবে? বিশেষ লাইসেন্স এর প্রয়োজনীয়তা প্রযোজ্য হতে পারে

### আপনি কী ধরনের ব্যবসায়ের জন্য লাইসেন্স পেতে চান এসব বিষয় মাথায় রেখে সে সিদ্ধান্ত নিন:

#### ফ্যামিলি হোম কেয়ার

দিনে 24 ঘণ্টার কম সময়ের জন্য 1-6 বয়সী সম্পর্কহীন বাচ্চাদের জন্য বাড়ি-ভিত্তিক শিশু পরিচর্যা

#### গ্রুপ হোম কেয়ার

দিনে 24 ঘণ্টার কম সময়ের জন্য 1-12 বয়সী সম্পর্কহীন শিশুদের জন্য বাড়ি-ভিত্তিক শিশু পরিচর্যা (শর্তাধীন জমি ব্যবহারের শুল্ক, ফি প্রয়োজন)

#### শিশু পরিচর্যা কেন্দ্র

কোনো বাণিজ্যিক ভবনে এমন একটি কেন্দ্র যা 13 বছরের কম বয়সী 1 বা ততোধিক শিশুর টানা 2 সপ্তাহের বেশি সময় ধরে পরিচর্যা করে।

এই নির্দেশিকায় উল্লিখিত গ্রুপের বাড়ি-ভিত্তিক পরিচর্যা 18 বছরের কম বয়সী শিশুদের পরিচর্যার সাথে সম্পর্কিত।

লাইসেন্স দেওয়ার আগে সকল শিশু পরিচর্যা কেন্দ্রের ওরিয়েন্টেশন প্রয়োজন। আবেদনকারীর প্রয়োজনীয় সমস্ত উপকরণ জমা দিতে এবং সমস্ত প্রয়োজনীয়তা পূরণ করতে কত সময় লাগে তার উপর নির্ভর করে লাইসেন্স প্রদানের সময়সীমা পরিবর্তিত হবে। শিশু পরিচর্যা কেন্দ্রের জন্য নগরীর পরিদর্শন এবং অনুমতির ক্ষেত্রে প্রত্যাশার চেয়ে বেশি সময় লাগতে পারে।

## জোনিং প্রক্রিয়ার বিস্তারিত জানা

শিশু পরিচর্যা ব্যবসায়ের ক্ষেত্রে কোথায় ব্যবসা চালু করবেন সেটা পরিকল্পনা করার সময় জোনিং এর ধরন এবং সম্ভাব্য জোনিং ব্যয় বিবেচনা করা উচিত।

### জোনিং অনুযায়ী কোথায় শিশু পরিচর্যা কেন্দ্রগুলো কোথায় করা উচিত?

[detroitdevelopment.org](http://detroitdevelopment.org)-এ গিয়ে এবং "সুযোগ"-এ ক্লিক করে আপনি কিভাবে আপনার সম্পত্তির জোনিং নির্ধারণ করা হবে তা জানতে পারেন। কোনো সম্পত্তি সম্পর্কে অতিরিক্ত তথ্য পেতে একটি ঠিকানা উল্লেখ করুন।

### সম্ভাব্য ব্যয়

- প্রাথমিক পরিকল্পনা পর্যালোচনা (বিনামূল্যে)
- প্রাথমিক পরিকল্পনার পরামর্শ (ঐচ্ছিক পরামর্শের জন্য 250 ডলার, অগ্নি নির্বাপন বিভাগের সাথে পরামর্শের জন্য 350 ডলার)
- অনুমোদন ফি (150 ডলার থেকে শুরু, নির্মাণের সুযোগ এবং পুনর্গঠন ব্যয়ের উপর নির্ভর করে)
- পরিদর্শন ফি (প্রতিটি পরিদর্শনের জন্য 134 ডলার, প্রয়োজনীয় পরিদর্শন সংখ্যা অনুমতির সুযোগের উপর নির্ভর করবে)
- বিশেষ ভূমি ব্যবহারের শুল্ক (গ্রুপ হোম কেয়ার এর জন্য প্রয়োজনীয়— 1000 ডলার)। ভবন, নিরাপত্তা প্রকৌশল এবং পরিবেশ বিভাগ মাসিক 50 ডলারের মতো কম অর্থ পরিশোধকারী সরবরাহকারীদের জন্য অর্থ প্রদানের ব্যবস্থা করবে, 313-224-1317 নম্বরে জোনিং বিভাগের সাথে যোগাযোগ করুন।

| ডিস্ট্রিক্টগুলো জোনিং করা   | জোনিং কোড শ্রেণিসমূহ   | ফ্যামিলি হোম কেয়ার      | গ্রুপ হোম কেয়ার (শিশু)  | শিশু পরিচর্যা কেন্দ্র    |
|---|--|--------------------------|--------------------------|--------------------------|
| মূলভিত্তি: অধিকার বলে <input type="checkbox"/> শর্তাধীন <input type="checkbox"/> অননুমোদিত <input type="checkbox"/> |  | <input type="checkbox"/> | <input type="checkbox"/> | <input type="checkbox"/> |
| <b>আবাসিক</b>   |  |                          |                          |                          |
| মানুষের বসবাস করার এলাকাসমূহ। একক পারিবারিক বাড়ি থেকে শুরু করে ভাড়া নেয়া উচ্চ ঘনবসতি সম্পন্ন এলাকার ঘরবাড়িসমূহ  | R1- একক পরিবারের আবাসিক<br>R2- দুই পরিবারের আবাসিক<br>R3- নিম্ন ঘনবসতি এলাকার আবাসিক<br>R4- প্রধান সড়কে অবস্থিত আবাসিক<br>R5- মধ্যম ঘনবসতি<br>R6- উচ্চ ঘনবসতি এলাকার আবাসিক | <input type="checkbox"/> | <input type="checkbox"/> | <input type="checkbox"/> |
| <b>বাণিজ্যিক/ব্যবসা</b>   |  |                          |                          |                          |
| ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠান থেকে শুরু করে বৃহৎ আকারের খুচরা বিক্রয় কেন্দ্র ও অফিসসমূহ যেসব এলাকায় অবস্থিত           | B1- নিয়ন্ত্রিত ব্যবসা<br>B2- স্থানীয় ব্যবসা ও আবাসিক<br>B3- কেনাকাটার স্থান<br>B4- সাধারণ ব্যবসা<br>B5- প্রধান ব্যবসা<br>B6- সাধারণ সেবাসমূহ                               | <input type="checkbox"/> | <input type="checkbox"/> | <input type="checkbox"/> |
| <b>বিশেষ উন্নয়ন ও আচ্ছাদন</b>  |  |                          |                          |                          |
| সাধারণভাবে সম্পর্কিত নয় এমন ব্যবহারের জন্য যেসব অঞ্চল বাস্তবিক এবং কার্যকরীভাবে কেন্দ্রীভূত                        | PD<br>PCA<br>SD1<br>SD2<br>SD4   | <input type="checkbox"/> | <input type="checkbox"/> | <input type="checkbox"/> |

# লাইসেন্স প্রদানের প্রক্রিয়া

মিশিগান স্টেটে শিশু পরিচর্যার লাইসেন্স এর জন্য সমস্ত সরবরাহকারীকে:

- অবশ্যই পূর্বের বিস্তারিত ইতিহাস এবং আঙুলের ছাপ গ্রহণের কাজ সম্পন্ন করতে হবে
- মেডিক্যাল ক্লিয়ারেন্স গ্রহণ করতে হবে এবং LARA এর কাছে যক্ষা পরীক্ষার ফলাফল সরবরাহ করতে হবে
- ফ্যামিলি এবং গ্রুপ চাইল্ড কেয়ার লাইসেন্স এর জন্য 18 বছরের বেশি বয়সী পরিবারের প্রত্যেকের জন্য পূর্বের ইতিহাস যাচাই এবং আঙুলের ছাপ প্রয়োজন

স্টেটের লাইসেন্স এর সাধারণ শর্ত ছাড়াও, **গ্রুপ হোম কেয়ার** এবং **শিশু পরিচর্যা কেন্দ্রগুলোকে** নগরীর চাহিদার প্রেক্ষিতে কিছু অতিরিক্ত পদক্ষেপ নিতে হবে:

**গ্রুপ হোম কেয়ার** কেস ভিত্তিতে অনুমোদিত হয়। গ্রুপ লাইসেন্স এর জন্য জোনিং অনুমোদনের চিঠি পেতে LARA এর শর্ত অনুযায়ী শিশু পরিচর্যা ব্যবসাকে অবশ্যই:

- বিশেষ ভূমি ব্যবহারের জোনিং আবেদন সম্পন্ন করুন
- প্লট পরিকল্পনা (আনুষ্ঠানিক স্থান পরিকল্পনার পর্যালোচনা প্রয়োজন হয় না):
  - সম্পত্তির সীমানা
  - সম্পত্তির মাত্রা
  - বহিরঙ্গনের স্থান
  - মেঝে/ফ্লোর পরিকল্পনা (কেবল যেসব তলায় শিশুরা থাকবে সেসব তলার জন্য প্রয়োজন)
  - বাড়ির বাইরের ছবি (উচ্চতার স্থানে ব্যবহৃত)

- শর্তাধীন জমি ব্যবহারের শুল্ক। ব্যয় 1,000 ডলার। BSEED 100 ডলার ডাউন পেইন্ট এর পরে মাসিক 50 ডলারের মতো কম অর্থ পরিশোধকারী সরবরাহকারীদের জন্য অর্থ প্রদানের ব্যবস্থা করবে।  
আরও তথ্য: জোনিং বিভাগ, (313)224-1317

- BSEED কর্তৃক নির্ধারিত কোনো গণ-শুনানিতে অংশ নিল, যা আপনার ব্যবসা কমিউনিটিকে কিভাবে প্রভাবিত করতে পারে সে সম্পর্কে প্রতিবেশীদেরকে বুঝার ও উদ্বেগ প্রকাশ করার সুযোগ করে দেয়। 300 ফুটের মধ্যে অবস্থানরত প্রতিবেশীদেরকে একটি নোটিশ পাঠানো হবে এবং আপনার বাড়িতে পোস্ট করা হবে।

- অনুমোদিত হলে আপনি শর্তাধীন জমি ব্যবহারের মঞ্জুরী পাবেন
- ওয়েইন কাউন্টি রেজিস্টার অব ডিডস-এর সাথে শর্তাধীন জমি ব্যবহারের মঞ্জুরী নিবন্ধন করুন
- BSEED এর কাছে ভবনের অনুমতির আবেদন, নিবন্ধিত মঞ্জুরীর অনুলিপি এবং ব্যবহারের অনুমতি পরিবর্তনের পরিকল্পনা জমা দিন।
- (313) 224-3202-এ কল করে পরিদর্শন এবং অনুমোদন অর্জন করুন
- অনলাইনে ([detroitmi.gov/bseed](http://detroitmi.gov/bseed))-এ গিয়ে এবং নতুন অনলাইন পোর্টাল ব্যবহার করে চূড়ান্ত দখল সনদের জন্য আবেদন করুন। অবশ্যই প্রয়োজনীয় সেবার অধীনে "নির্মাণ পরিদর্শন" এর জন্য অ্যাপয়েন্টমেন্ট নিশ্চিত করবেন এবং তারপর "সনদ" নির্বাচন করবেন। তারপর "C7-দখল সনদের জন্য অনুরোধ" ফরম পূরণ করতে অনলাইন পোর্টালে যান এবং BSEED-Construction@detroitmi.gov-এ ইমেল করুন। দ্রষ্টব্য: সরবরাহকারীদেরকে অনুরোধটি প্রক্রিয়া করার জন্য ন্যূনতম 3 থেকে 5 দিন সময় দেওয়া উচিত।

**শিশু পরিচর্যা কেন্দ্র**, বিশেষত যাদের স্থাপনা নতুন নির্মাণ বা চালুর আগে সংস্কার করা হবে, তাদেরকে নির্মাণ এবং লাইসেন্স এর আগে পরিকল্পনা পর্যালোচনা এবং ভবনের অনুমতি পেতে হবে। **নগরীতে নির্মাণ ও অনুমতি সম্পর্কিত আরও তথ্যের জন্য ব্যবসার জন্য উন্মুক্ত নির্দেশিকার 3 ও 4 ধাপ দেখুন।**

আপনি শিশু পরিচর্যা কেন্দ্র ব্যতীত অন্য কিছু ছিল এমন কোনো ভবন সংস্কার করলে মেকোনো কাজ করার জন্য পরিকল্পনা পর্যালোচনা করাটা গুরুত্বপূর্ণ। আপনার নতুন ব্যবসায়ের জন্য আপনাকে ভবনের আইনি ব্যবহারের শ্রেণিবিন্যাসও অবশ্যই পরিবর্তন করতে হবে। আপনার শিশু পরিচর্যা কেন্দ্রটি আগে আইন অনুসারে শিশু পরিচর্যা কেন্দ্র হিসাবে সংজ্ঞায়িত হয়ে থাকলে এবং কোনো নির্মাণ কাজ করার প্রয়োজন না থাকলে আপনাকে চালু করার আগে BSEED সম্পত্তি রক্ষণাবেক্ষণ থেকে প্রতিপালন সনদের জন্য আবেদন করতে হবে। BSEED অনলাইন পোর্টালের মাধ্যমে [DetroitMI.gov/bseed](http://DetroitMI.gov/bseed)-এ অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করুন। প্রশ্ন থাকলে (313) 628-2451 নম্বরে কল করুন।

# LARA ফ্যামিলি অ্যান্ড গ্রুপ হোম কেয়ার প্রোভাইডার ওরিয়েন্টেশন

**ফ্যামিলি অ্যান্ড গ্রুপ কেয়ার** সরবরাহকারীদের তাদের স্থানীয় লাইসেন্সিং কার্যালয় কর্তৃক আয়োজিত ওরিয়েন্টেশন শেখলে অবশ্যই অংশ নিতে হবে। ওরিয়েন্টেশন এর উদ্দেশ্য হল লাইসেন্স প্রত্যায়ার বিধি এবং আইন পর্যালোচনা করা এবং আপনাকে আপনার লাইসেন্স পরিদর্শনের জন্য প্রস্তুত করা।

## কেন্দ্রগুলোর জন্য অতিরিক্ত পরিদর্শন

### পরিবেশগত অবস্থা পরিদর্শন

কোনো শিশু পরিচর্যা কেন্দ্র চালু করতে ডেট্রয়েট নগরীর স্বাস্থ্য বিভাগ স্টেট (LARA) এর চাহিদানুযায়ী পরিবেশগত অবস্থা এবং সুরক্ষা পরিদর্শন সম্পন্ন করে থাকে।

- সাধারণত গ্রুপ হোম চাইল্ড কেয়ার এর জন্য এ পরিদর্শনের প্রয়োজন হয় না।
- পরিবেশগত অবস্থা পরিদর্শন অনুরোধ ফরম পূরণ করে পরিদর্শনের ব্যবস্থা করুন যা [detroitmi.gov/health](http://detroitmi.gov/health) -এ পাওয়া যাবে
- পরিদর্শন আইটেমগুলোর পূর্ণ চেকলিস্ট LARA প্রযুক্তিগত সহায়তার ম্যানুয়ালে পাওয়া যাবে।

### যোগাযোগ

ডেট্রয়েট নগরীর স্বাস্থ্য বিভাগ, পরিবেশগত অবস্থা ও সুরক্ষা সমন্বয়কারী,  
(313) 876-4715

### সীসা ও অগ্নি পরিদর্শন

শিশু পরিচর্যা কেন্দ্র চালু করছে এমন সরবরাহকারীদের অবশ্যই **বার্ষিক অগ্নি পরিদর্শন** সম্পন্ন করতে এবং তাতে উত্তীর্ণ হতে হবে **কোনো প্রত্যায়িত অগ্নি পরিদর্শক কর্তৃক**। 1978 সালের আগে নির্মিত ভবনে অবস্থিত কেন্দ্রগুলোকে অবশ্যই কোনো প্রত্যায়িত সীসার ঝুঁকি মূল্যায়নকারী কর্তৃক **সীসার ঝুঁকি মূল্যায়ন** ও সম্পন্ন করতে হবে। [michigan.gov/michildcare](http://michigan.gov/michildcare) -এ শিশু পরিচর্যা কেন্দ্রের জন্য **পরিদর্শন সম্পর্কে আরও তথ্য** পাওয়া যাবে।

# ডেট্রয়েট শিশু পরিচর্যা সরবরাহকারীদের জন্য অতিরিক্ত উপকরণ

| সংগঠন  | সেবাদাতার সহায়তার প্রকৃতি  | তাদের কোথায় পাওয়া যাবে   |
|--|---|--|
| <b>ACCESS</b> (অ্যাকসেস)   | আরব সম্প্রদায়ের জন্য অর্থনৈতিক ও সামাজিক পরিষেবা কেন্দ্র   | <a href="http://Accesscommunity.org">Accesscommunity.org</a>   |
| <b>Grand Innovation</b> গ্যান্ড ইনোভেশন  | ক্ষুদ্র ব্যবসায় সহায়তা।   | <a href="http://Grandinnovation.org">Grandinnovation.org</a>   |
| <b>Black Family Development</b> ব্ল্যাক ফ্যামিলি ডেভেলপমেন্ট   | পরিবার ও সেবাদাতাদের জন্য পরিবার ও শিশুর সহায়তা পরিষেবা।   | <a href="http://Blackfamilydevelopment.org">Blackfamilydevelopment.org</a>   |
| <b>Brightmoor Quality Initiative/Scholarship</b> ব্রাইটমুর কোয়ালিটি ইনিশিয়েটিভ / স্কলারশিপ                       | সেবাদাতাদের জন্য গুণমান উন্নয়নের সহায়তা।  | <a href="http://Highscope.org/project/brightmoor">Highscope.org/project/brightmoor</a>                                     |
| <b>Brilliant Detroit</b> ব্রিলিয়েন্ট ডেট্রয়েট  | পরিবার, শিশু ও কমিউনিটির সহায়তা পরিষেবা (বিশেষ করে 0 থেকে 5 (আট) বছর বয়সীদের জন্য)।   | <a href="http://Brilliantdetroit.org">Brilliantdetroit.org</a>   |
| <b>Build Institute</b> বিল্ড ইনস্টিটিউট  | ক্ষুদ্র ব্যবসায় সহায়তা।   | <a href="http://Buildinstitute.org">Buildinstitute.org</a>   |
| <b>Detroit 0% Interest Home Repair Loans</b> (ডেট্রয়েট 0% ইন্টারেস্ট হোম রিপেয়ার লোন)                            | ঘর মেরামত বাবদ ঋণ বিষয়ক তথ্য (হোম বেইজড সেবাদাতা)।   | <a href="http://Detroitloans.org/">Detroitloans.org/</a>   |
| <b>Detroit Early Learning</b> ডেট্রয়েট আর্লি লার্নিং  | এক ওয়েবসাইটে সেবাদাতাদের জন্য ডেট্রয়েট আর্লি লার্নিং পোর্টাল কর্তৃক তৈরিকৃত বিভিন্ন ধরনের রিসোর্স সম্বলিত ওয়েবসাইট।                                | <a href="http://DetroitEarlyLearning.org">DetroitEarlyLearning.org</a>   |
| <b>Detroit Early Learning Coaching Initiative</b> ডেট্রয়েট আর্লি লার্নিং কোচিং ইনিশিয়েটিভ                        | প্রশিক্ষকদের জন্য নির্দেশনামূলক ও পাঠ্যসূচি সংক্রান্ত সহায়তা।  | <a href="http://Ecic4kids.org/detroit-coaching-initiative">Ecic4kids.org/detroit-coaching-initiative</a>                   |
| <b>Detroit School's Guide from the Community Education Commission</b> ডেট্রয়েট স্কুলস গাইড কমিউনিটি এডুকেশন কমিশন | শহরব্যাপী স্কুলগুলোর জন্য নির্দেশনামূলক (গাইড) এখন প্রারম্ভিক স্তরের শিক্ষার রিসোর্স এবং স্থানসমূহের বিবরণ অন্তর্ভুক্ত রয়েছে।                        | <a href="http://DetroitSchoolsGuide.org">DetroitSchoolsGuide.org</a>   |
| <b>Detroit Score</b> ডেট্রয়েট স্কোর   | ক্ষুদ্র ব্যবসায় সহায়তা।   | <a href="http://DetroitScore.org">DetroitScore.org</a>   |
| <b>Detroit Open for Business Guide</b> (ডেট্রয়েট অপেন ফর বিজনেস গাইড)   | উদ্যোক্তাদের জন্য ডেট্রয়েট-এ তাদের ব্যবসা শুরু করার প্রক্রিয়াসহ একটি সমন্বিত ও বিস্তারিত রিসোর্স।   | <a href="http://Degc.org/small-business/small-bus-iness-resources/">Degc.org/small-business/small-bus-iness-resources/</a> |
| <b>Detroit SOARs Scholarship</b> (ডেট্রয়েট SOARs স্কলারশিপ)   | পরিবারগুলোর জন্য আয়-ভিত্তিক বৃত্তি।  | <a href="http://Greatstartwayne.org/detroit-soars">Greatstartwayne.org/detroit-soars</a>                                   |
| <b>IFF</b> (আইএফএফ)  | সেবাদাতাদের জন্য অ-লাভজনক ঋণ, রিয়েল এস্টেট ও উন্নয়ন বিষয়ক পরামর্শ।   | <a href="http://IFF.org">IFF.org</a>   |
| <b>Improve Detroit</b> ইমপ্রুভ ডেট্রয়েট   | সিটি সার্ভিসের বিভিন্ন বিভাগে যোগাযোগ স্থাপনের জন্য।  | <a href="http://Detroitmi.gov/improvedetroit">Detroitmi.gov/improvedetroit</a>   |
| <b>Great Start Collaborative</b> গ্রেট স্টার্ট কোলাবরেটিভ  | সেবাদাতা ও পরিবারের সহায়তা পরিষেবা।  | <a href="http://Greatstartwayne.org">Greatstartwayne.org</a>   |
| <b>Great Start to Quality (GSQ)</b> গ্রেট স্টার্ট টু কোয়ালিটি (জিএসকিউ)   | জিএসকিউ হচ্ছে মিশিগানের গুণগত মান এবং উন্নয়নের রেটিং পদ্ধতি (QRIS) যা শৈশবকাল শুরুর কর্মসূচিগুলিকে ও সেবাদাতাদেরকে সহায়তা করে।                      | <a href="http://Greatstarttoquality.org">Greatstarttoquality.org</a>   |
| <b>Hope Starts Here</b> হোপ স্টার্টস হেয়ার  | ডেট্রয়েটের শহরব্যাপী প্রাক-শৈশবকালীন শিক্ষাব্যবস্থা উন্নত করার একটি উদ্যোগ।  | <a href="http://HopeStartsHereDetroit.org">HopeStartsHereDetroit.org</a>   |
| <b>Leaps &amp; Bounds</b> লিপস এন্ড বাউন্ডস  | পরিবারকে সহায়তা পরিষেবা  | <a href="http://Leapsandbounds.org">Leapsandbounds.org</a>   |
| <b>Michigan Early Learning Business Advantage (MELBA)</b> মিশিগান আর্লি লার্নিং বিজনেস এডভান্টেজ (MELBA)           | বাচ্চাদের যত্ন নেওয়ার কাজে নিযুক্তদেরকে তাদের বৃত্তিতে নিয়োজিত রাখতে স্টেটব্যাপী সদস্যপদ প্রদানের একটি কর্মসূচি।                                    | <a href="http://Ecic4kids.org/melba/">Ecic4kids.org/melba/</a>   |
| <b>Talking is Teaching</b> ট্যাকিং ইজ টিচিং  | একটি জনসচেতনতা ও প্রচার কার্যক্রম যাতে সহজ ও নিত্য করা হয় এমন কাজের মাধ্যমে ছোট বাচ্চাদের মস্তিষ্ক ও শব্দভাণ্ডারের বিকাশ ঘটতে মা-বাবাকে সহায়তা করে। | <a href="http://Talkingisteaching.org">Talkingisteaching.org</a>   |
| <b>United Way Early Learning Communities</b> ইউনাইটেড ওয়ে আর্লি লার্নিং কমিউনিটিজ                                 | বিকাশজনিত স্ক্রিনিং, মনোময়ন, সাক্ষরতার সংস্থান এবং প্যারেন্ট নেটওয়ার্কগুলির সাথে সংযোগ কার্যক্রম।   | <a href="http://Unitedwaysem.org">Unitedwaysem.org</a>   |



## ডেট্রয়েটে শিশু পরিচর্যার ব্যবসা চালু করতে আপনার যাত্রা

কোন ধরনের শিশু পরিচর্যা ব্যবসা চালু করবেন সে সিদ্ধান্ত নেওয়ার আগে আপনি বিবেচনা করতে চাইতে পারেন এমন কিছু বিষয় পূর্ববর্তী পৃষ্ঠাগুলোতে বর্ণিত হয়েছে। প্রত্যেকটির নিজস্ব লাইসেন্স প্রদান এবং অনুমোদনের প্রক্রিয়া রয়েছে, যার মধ্যে বিভিন্ন সময়সীমা, অংশীজন, ফি এবং অনুমোদনের কাজ অন্তর্ভুক্ত। আপনার ব্যবসাকে সমাপ্তি রেখায় আনতে সহায়তা করার জন্য আমরা এসব পদক্ষেপ প্রক্রিয়া-মানচিত্রে উল্লেখ করেছি।


**ফ্যামিলি অ্যান্ড গ্রুপ হোম কেয়ার** এর প্রক্রিয়া-মানচিত্র নিম্নলিখিত পৃষ্ঠায় পাওয়া যাবে। **শিশু পরিচর্যা কেন্দ্র** এর জন্য অনুগ্রহ করে পরবর্তী পৃষ্ঠায় যান। দ্রষ্টব্য: সরবরাহকারীদের অবশ্যই প্রক্রিয়ার মাধ্যমে ([Michigan.gov/lara](http://Michigan.gov/lara)-এ বিদ্যমান) তারা কেন্দ্র-ভিত্তিক কর্মসূচি, নাকি বাড়ি-ভিত্তিক কর্মসূচি চালুর পরিকল্পনা করছেন তা স্পষ্ট করতে হবে।



আমি নতুন সরবরাহকারীদের পরামর্শ দেওয়া পছন্দ করি এবং এই নির্দেশিকা সত্যিই আমাকে অন্যদের সহায়তা করতে এবং তাদের নিজস্ব স্থান চালুর প্রক্রিয়া অনুসরণ করতে সহায়তা করবে। কোনো নতুন সরবরাহকারীর প্রতি আমার পরামর্শ হল আপনার গবেষণা করুন এবং এই গাইডটি ব্যবহার করুন, আপনি এতে ঠকবেন না!

লশন ব্রিজেস, প্রতিষ্ঠাতা ও পরিচালক  
রেসড বিসিনিংস লার্নিং সেন্টার (অসবর্ন)

## ফ্যামিলি অ্যান্ড গ্রুপ হোম প্রোভাইডার্স



# শিশু পরিচর্যা কেন্দ্র সরবরাহকারী

আপনি নগরীতে আপনার শিশু পরিচর্যা কেন্দ্র শুরু বা সম্প্রসারণ করতে চান

আপনি কি আপনার কেন্দ্র ভাড়া নেবেন, নাকি এর মালিক হবেন?

## নিজস্ব

- সম্পত্তি নগরের মালিকানাধীন কিনা এবং তা বাজারে অবস্থিত কিনা তা নির্ধারণ করুন
- সম্পত্তির কর যাচাই করুন
- আপনার প্রকল্পের সম্ভাব্যতা বিবেচনা করুন (ব্যয়, পূর্বের ব্যবহার ইত্যাদি)

## ভাড়া

- ইজারা স্বাক্ষর করার আগে সম্পত্তির মালিকানা নিশ্চিত করুন
- আপনার ভাড়ার হার যে ন্যায় তা নিশ্চিত করতে আশেপাশের এলাকার ভাড়ার হার পরীক্ষা করুন

## নতুন নির্মাণ

- নির্মাণ ব্যয় এবং সময় বিবেচনা করুন
- পর্যালোচনার জন্য স্থান পরিকল্পনা এবং ধারণা নকশা (concept drawings) প্রস্তুত করুন

এই স্থান কি আগে নগর-কর্তৃক আইনত শিশু পরিচর্যা কেন্দ্র হিসাবে জোন-ভুক্ত ছিল?

হ্যাঁ

না

নতুন নির্মাণ করা হবে কি, নাকি পুনর্গঠন করা হবে?

না

BSEED পরিদর্শন

প্রতিপালন সনদ

BSEED সম্পত্তির আইনি ব্যবহার যাচাই ত্রুটিপূর্ণ করবে

প্রাথমিক পরিকল্পনা পর্যালোচনা

পরিকল্পনা পর্যালোচনা + ভবনের অনুমতি

BSEED পরিদর্শন + দখল সনদ

একই সময়ে LARA এবং নগরের প্রতিনিধি পূর্ণ করণে তা আপনার সম্মত মতন করতে পারে

আবেদন কি জমা দিন, LARA লাইসেন্স প্রাপ্তির কাজ শুরু করুন

পূর্ব-ইতিহাস যাচাই, FBI কর্তৃক আঙুলের ছাপ গ্রহণের কাজ সম্পন্ন করুন

মেডিক্যাল ক্লিয়ারেন্স

প্রাক-1975 ভবনসমূহের সীসা পরিদর্শন

অগ্নি পরিদর্শন

স্বাস্থ্য বিভাগের মাধ্যমে পরিবেশগত অবস্থা পরিদর্শনের অনুরোধ করুন

LARA আবেদনের সমস্ত কাগজপত্র জমা দিন

পরিদর্শন কাজ সম্পন্ন করুন

আপনার 6 মাসের মূল লাইসেন্স সংগ্রহ করুন এবং আপনার সেন্টারটি চালু করুন।

# যোগাযোগ

COLEMAN A. YOUNG MUNICIPAL CENTER, 2 WOODWARD AVENUE

ভবন, নিরাপত্তা, প্রকৌশল ও পরিবেশ বিভাগ

(313) 224-1317 | [zoning@detroitmi.gov](mailto:zoning@detroitmi.gov) | [detroitmi.gov/bsecd](http://detroitmi.gov/bsecd)

মিগিগান স্টেটের লাইসেন্স আন্ড রেগুলেটরি অ্যাফেয়ার্স (LARA) ডেট্রয়েট ফিল্ড অফিস

3026 W Grand Boulevard

313 456-0380 | [Michigan.gov/lara](http://Michigan.gov/lara)

## কমিউনিটি কী বলছে

আমি প্রতিদিন সরবরাহকারীদের সাথে কাজ করি এবং সমস্ত প্রক্রিয়া এক জায়গায় সন্নিবেশ করে এই নির্দেশিকা তৈরি করায় আমি নগর কর্তৃপক্ষের খুব তারিফ করি! এমন একটি নির্দেশিকা খুব প্রয়োজন ছিল এবং সরবরাহকারীরা সহজেই ব্যবহার ও শেয়ার করতে পারেন এমন ফরম্যাটে এটি পাওয়াটা দারুণ ব্যাপার!

**বেথ পিয়ারসন**, ছোট শিশুদের শিক্ষার জন্য দক্ষিণ-পূর্ব মিগিগান সমিতি এর সভাপতি

যারা আমাদের সম্ভাবনার পরিচর্যা সেবা দিচ্ছেন তাদের নিজের সম্ভাবনের পরিচর্যা চালু করার জন্য তাদের যে সহায়তা ও নির্দেশনা প্রয়োজন তা নিশ্চিত করা একটি বিশাল অগ্রাধিকার, কারণ এটি এমন এক প্রক্রিয়া যা অনেক কষ্টসাধ্য হতে পারে! আপনি এই যাত্রা শুরু করার সময় জেনে রাখুন যে, আমরা আপনাকে সফল দেখতে চাই এবং ডেট্রয়েটের শিশুদের মান সম্পন্ন পরিচর্যা প্রদানে আপনাকে সহায়তা করতে চাই বলেই এই নির্দেশিকাটি তৈরি করা হয়েছে।

**ডেনিস স্মিথ**, বাস্তবায়ন পরিচালক

হোপ স্টার্টস হোয়ার

পুরনো তথ্য দেখছেন বা কোন পরামর্শ আছে?

আমাদের সাথে যোগাযোগ করুন এখানে: [EarlyEd@detroitmi.gov](mailto:EarlyEd@detroitmi.gov)